

# থমথমে কুয়েট, আজও অবরুদ্ধ ভিসি

খুলনা অফিস

১৯ ফেব্রুয়ারি,  
২০২৫ ১৪:৩২

শেয়ার

অ +

অ -



কুয়েটে ভিসিকে অবরুদ্ধ করে রেখেছে শিক্ষার্থীরা। ছবি: কালের কণ্ঠ

কুয়েটে সংঘর্ষের ঘটনায় গতকালের মতো আজও থমথমে অবস্থা বিরাজ করছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে। ক্যাম্পাসের মেডিক্যাল সেন্টারে দ্বিতীয় দিনেও সাধারণ শিক্ষার্থীরা ভিসি প্রফেসর ড. মোহাম্মদ মাছুদকে অবরুদ্ধ করে রেখেছেন। শিক্ষার্থীরা গতকালের হামলার ঘটনায় ভিসির পদত্যাগসহ ছয় দফা দাবি জানিয়েছেন।

জানা গেছে, কুয়েট শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ব্যর্থতার দায় স্বীকার এবং নিঃশর্ত ক্ষমা চেয়ে উপাচার্য, উপ-উপাচার্য ও ছাত্র বিষয়ক পরিচালকের পদত্যাগসহ ছয় দফা দাবি এখন পর্যন্ত বাস্তবায়ন না হওয়ায় কুয়েটের সকল প্রকার ক্লাস, পরীক্ষাসহ অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে।

এদিকে চলমান ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ৯৮ তম নিয়মিত সিন্ডিকেট সভা অনলাইনে হচ্ছে। অপরূপ অবস্থায় সেই সিন্ডিকেটে অংশ নিয়েছেন ভিসি।

এদিকে, সকালে নগরীর শিববাড়ি মোড়ে বিএনপি, যুবদল, ছাত্রদলসহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিক্ষোভ করে। দুপুরে খুলনা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করবে কুয়েট ছাত্রদল।

সংবাদ সম্মেলনে ছাত্রদলের কেন্দ্রীয় নেতা ছাড়াও খুলনার নেতারা উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

ছাত্রদল নেতারা বলেন, বৈষম্যবিরোধী ছাত্ররা কোনো সাধারণ ছাত্র না, তারাও একটি রাজনৈতিক দলের সদস্য। তাদেরকে ইন্ধন দিচ্ছে ‘গুপ্ত সংগঠন’ ছাত্রশিবির। সব মিলিয়ে কুয়েটের ঘটনা নিয়ে গোটা খুলনা এখন উত্তপ্ত।

এদিকে এ ঘটনায় নিন্দা জানিয়েছেন বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির খুলনা মহানগর। শাখাটির সভাপতি আরাফাত হোসেন মিলন ও সেক্রেটারি রাকিব হাসান এক বিবৃতিতে কুয়েটের ঘটনাকে কেন্দ্র করে শিবিরকে জড়িয়ে বিএনপির বিবৃতির নিন্দা জানিয়েছেন। তারা বলেন, ঘটনার দিন শিবির নেতাকর্মীরা জামায়াত নেতা এটিএম আজহারুল ইসলামের মুক্তির দাবিতে শহীদ হাদিস পার্কের সমাবেশস্থলে ছিলেন। সুতরাং সাধারণ শিক্ষার্থীদের সাথে শিবিরকে জড়িয়ে মূল ঘটনা ভিন্নধাতে প্রবাহিত করা হচ্ছে। তারা কুয়েটের ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের শাস্তি দাবি করেন।

পাশাপাশি দুপুরে ছাত্রদলের সংবাদ সম্মেলন থেকেও শিবির সম্পর্কে আপত্তিকর বক্তব্যের নিন্দা জানান শিবির নেতারা।

